দৈনিক
জনকণ্ঠ

তারিখ . 19 AUG 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬ ......

# সিলেট বোর্ডে পাঁচ বছরের মধ্যে সর্বনিম্ন ফল

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** সিলেট শিক্ষা বোর্ডে গত পাঁচ বছরের মধ্যে এবারই সর্বনিম্ন ফল হয়েছে। এবার সিলেটে পাসের হার ও জিপিএ-৫ এর সংখ্যা উভয় বিষয়ই কমেছে। সিলেট শিক্ষা বোর্ডে ২০১২ সালে পাসের হার ছিল ৮৫.৩৭। ওই বছর ৩৭ হাজার ৩৭২ শিক্ষার্থীর মধ্যে ৩১ হাজার ৯০৩ শিক্ষার্থী পাস করে। জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যা ছিল দুই হাজার ৬৫ জন। ২০১৩ সালে সিলেট বোর্ডে পাসের হার ছিল ৭৯.১৩। সে বছর ৪২ হাজার ৯৮০ শিক্ষার্থীর মধ্যে পাস করে ৩৪ হাজার ৯ জন। জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ছিল এক হাজার ৫৩৫। ২০১৪ সালে পাসের হার ছিল ৭৯.১৬। ওই বছর ৫৭ হাজার ৫৬১ পরীক্ষার্থীর মধ্যে পাস করে ৪৫ হাজার ৫৬৮ জন। জিপিএ-৫ পায় দুই হাজার ৭০ শিক্ষার্থী। ২০১৫ সালে সিলেট বোর্ডে পাসের হার ছিল ৭৪.৫৭। সে বছর ৫৭ হাজার ৭০২ শিক্ষার্থী পরীক্ষা দিয়ে পাস করে ৪৩ হাজার ২৮ জন। জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা ছিল এক হাজার ৩৫৬ জন। এবার সিলেট বোর্ডে পাসের হার ৬৮.৫৯। গত পাঁচ বছরের মধ্যে সিলেট শিক্ষা বোর্ডে এবারই পাসের হার ও জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যাও নিচে নেমে এসেছে।

পরীক্ষায় মেয়েদের অংশগ্রহণ বেশি থাকলেও ফলে ছেলেরা এগিয়ে রয়েছে। বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য তিনটি বিভাগেই পাসের হারের পাশাপাশি জিপিএ-৫ প্রাপ্তিতেও এগিয়ে রয়েছে ছেলেরা।